# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(৮) জবুর ১১০/১

“A Psalm of David. The LORD said to my lord: "Sit at My right, Until I make thine enemies thy footstool.” “হযরত দাউদের কাওয়ালী। মাবুদ আমার প্রভুকে বলেন, তুমি আমার ডান দিকে বস, যতদিন আমি তোমার দুশমনদেরকে তোমার পাদপীঠ না করি।” (মো.-১৩)

কতিপয় গবেষক এ বক্তব্যটাকে মুহাম্মাদ (ﷺ) বিষয়ক ভবিষ্যদ্বাণী হিসেবে উল্লেখ করেছেন। এতে মিরাজের মাধ্যমে আল্লাহর সান্নিধ্যে গমন ও মিরাজের পরে ক্রমান্বয়ে তাঁর শত্রুদের পতনের বিষয়ে ভবিষ্যদ্বাণী করা হয়েছে। উইকিপিডিয়া ‘Muhammad in the Bible’ প্রবন্ধে এ প্রসঙ্গে লেখা হয়েছে:

“Several Muslim writers, like Afzal-ur-Rahman and David Benjamin Keldani, raised the argument that Psalm 110:1 is also a prophecy of Muhammad and his ascension to the Throne of God during the journey of al-Isra and al-Miraj.”

”আফযালুর রহমান, ডেভিড বেনজামিন কেলদানী ও অনুরূপ কতিপয় মুসলিম লেখক যুক্তি পেশ করেছেন যে, জবুর ১১০/১ মুহাম্মাদ (ﷺ) এবং ইসরা ও মিরাজের মাধ্যমে তাঁর আল্লাহর আরশে গমনের বিষয়ে ভবিষ্যদ্বাণী।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=14659

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন